



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

১, জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ব্যানবেইস ভবন, ঢাকা-১২০৫

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট হতে অতিরিক্ত কল্যাণ সুবিধা পাইয়ে দেয়ার প্রলোভন দেখিয়ে উল্লেখিত মোবাইল নাম্বার (01866549271, 01951482355, 01406189768, 01408046636), 01871813109) হতে মন্ত্রণালয়ের উপসচিব এবং কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা বলে ভুয়া পরিচয় দিয়ে এমপিওভুক্ত অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের সাথে প্রতারকচক্র যোগাযোগ করছে বলে টেলিফোনে ও মৌখিকভাবে অভিযোগ পাওয়া যায়। এরূপ অভিযোগের প্রেক্ষিতে ট্রাস্টি বোর্ডের সচিব মহোদয়ের নির্দেশে লালবাগ থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। সাধারণ ডায়েরি নাম্বার-১৪৬২, তারিখ- ৩০-০৯-২০১৯। উল্লেখ্য, কল্যাণ ট্রাস্টের আইন অনুযায়ী অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের প্রাপ্য কল্যাণ সুবিধা এককালীন প্রদান করা হয়। যে সকল শিক্ষক কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন উত্তোলন করেছেন তাদেরকেও নূতন স্কেলে এককালীন কল্যাণ সুবিধা প্রদান করা হচ্ছে। এককালীন কল্যাণ সুবিধা পাওয়ার পর পুনরায় অতিরিক্ত কল্যাণ সুবিধা পাওয়ার সুযোগ নেই। সম্মানিত অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীগণ এই প্রতারক চক্রের প্রলোভনে বিভ্রান্ত হয়ে কোন প্রকার আর্থিক লেনদেন না করে, সাবধান থাকার জন্য ট্রাস্টি বোর্ডের সচিব **অধ্যক্ষ** মোঃ শাহজাহান আলম সাজু স্যার অনুরোধ করেন।